গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, কুড়িগ্রাম
(তথ্য ও অভিযোগ শাখা)
www.kurigram.gov.bd

## অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোহাম্মদ সাইদুল আরীফ<br>জেলা প্রশাসক |
| সভার তারিখ | ১৬ এপ্রিল ২০২৩ |
| সভার সময় | বেলা ১.০০ ঘটিকা |
| স্থান | জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট 'ক' |

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অতঃপর সভাপতির অনুমতিক্রমে এ কার্যালয়ের অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) জনবান্ধব ও সেবামুখি জনপ্রশাসন গড়ে তোলা এবং স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার লক্ষ্যে অভিযোগ প্রতিকার ব্যবস্থার গুরুত্ব তুলে ধরেন। সভায় অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সম্পর্কে বিস্তারিত আলোচনা করা হয়। এরপর সেবাগ্রহীতা/অংশীজনদের কাছ থেকে এ বিষয়ে মতামত আহবান করা হয়।

২। সভায় উপস্থিত সকলের আলোচনার পরিপ্রেক্ষিতে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয় :-

| ক্র: নং: | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| ১ | ওয়েবসাইটের অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবাবক্স নিয়মিত হালনাগাদ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ২ | অনলাইনে প্রাপ্ত অভিযোগের ক্ষেত্রে অভিযোগ পাওয়ার ১৫ দিনের মধ্যে নিষ্পত্তি করার ব্যবস্থা নিতে হবে, অভিযোগ নিষ্পত্তি বিষয়ে আরও সচেতনতা অবলম্বন করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৩ | কেউ অভিযোগ করতে চাইলে তার অভিযোগ শ্রবণপূর্বক সঠিক নিয়মে আবেদন করতে সহায়তা প্রদান করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৪ | নাগরিক সেবাকে সহজ করার লক্ষ্যে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৫ | সেবা প্রক্রিয়ায় সেবা গ্রহণকারীদের অসন্তোষের বিষয়গুলো চিহ্নিত করে নিরসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৬ | অভিযোগ বক্সে প্রাপ্ত অভিযোগ দ্রুত নিষ্পত্তি করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৭ | সেবা প্রদান প্রতিশ্রুতিতে বর্ণিত সেবাসমূহের বিপরীতে অফলাইন বা অনলাইনের মাধ্যমে প্রাপ্ত অভিযোগ নির্দিষ্ট সময়সীমার মধ্যে নিষ্পত্তি করতে হবে। | সংশ্লিষ্ট কর্মকর্তা |
| ৮ | অনিক কর্মকর্তা কর্তৃক গৃহীত ব্যবস্থায় সংক্ষুব্ধ হলে অথবা নির্ধারিত সময়ে অভিযোগ নিষ্পত্তি না হলে অভিযোগকারী যথাযথ কর্তৃপক্ষ বরাবর আপীল করতে পারবেন এবং এ বিষয়ে অভিযোগকারীকে সাহায্য করতে হবে। | সংশ্লিষ্ট দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা |

পরিশেষে আর কোনো আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৭/০৪/২০২৩

(মোহাম্মদ সাইদুল আরীফ)
জেলা প্রশাসক
কুড়িগ্রাম
ও
সভাপতি
অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা বিষয়ে
স্টোকহোল্ডারগণের সমন্বয়ে অবহিতকরণ জেলা কমিটি।
ফোনঃ ০২৫৮৯৯-৫০০২২

স্মারক নম্বর-০৫.৪৭.৪৯০০.০১৬.০৬.০০৩.২৩- ৭৪

তারিখ: ১৪ বৈশাখ ১৪৩০
২৭ এপ্রিল ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
০২। পুলিশ সুপার, কুড়িগ্রাম।
০৩। সিভিল সার্জন, কুড়িগ্রাম।
০৪। উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
০৫। ........................................................................,কুড়িগ্রাম।
০৬। অতিরিক্ত জেলা প্রশাসক, (সার্বিক)/(রাজস্ব)/ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কুড়িগ্রাম।
০৭। উপজেলা নির্বাহী অফিসার, ...............................(সকল), কুড়িগ্রাম।
০৮। নেজারত ডেপুটি কালেক্টর/রেভিনিউ ডেপুটি কালেক্টর, কুড়িগ্রাম।
০৯। ভূমি অধিগ্রহণ কর্মকর্তা, কুড়িগ্রাম।
১০। ..................................................সিনিয়র সহকারী কমিশনার, কুড়িগ্রাম।
১১। সহকারী কমিশনার (ভূমি),...............................(সকল), কুড়িগ্রাম।
১২। সহকারী কমিশনার,.......................................(সকল), কুড়িগ্রাম।
১৩। সহকারী কমিশনার, আইসিটি শাখা, কুড়িগ্রাম। (ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)।
১৪। ........................................................................,কুড়িগ্রাম।

২৭।০৪।২৩

জেলা প্রশাসক
কুড়িগ্রাম।